[illegible]

[illegible]

**Job Category:** Security/Protective Services

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 11 Oct 2024

**Application Deadline:** 28 Oct 2024

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-এর কার্যালয়, দিনাজপুর।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-সিজেএমসি/দিনাজ/প্রশা/২০২৪-৩২৭

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

দিনাজপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এবং উহার অধস্তন অন্যান্য আদালতসমূহের জন্য নিম্ন ছকে উল্লিখিত সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে প্রতিটি পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ০৮-১২নং ক্রমিকে উল্লিখিত পদসমূহে শুধুমাত্র দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | স্টেনো-টাইপিস্ট কাম-কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড ১৪<br>১০২০০-২৪৬৮০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়াড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্ন গতি:<br>১) বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং<br>২) ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ । |
| ০২ | বেঞ্চ সহকারী | ০১টি | গ্রেড ১৫<br>৯৭০০-২৩৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৩ | বেঞ্চ সহকারী | ০২টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৪ | লাইব্রেরি সহকারী (ক্যাটালগার) | ০১টি | গ্রেড ১৩<br>১১০০০-২৬৫৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হতে হবে। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৫ | টাইপিস্ট-কপিস্ট | ০১টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বাংলা ও ইংরেজি টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকতে হবে। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৬ | রেকর্ড সহকারী | ০১টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৭ | সহকারী রেকর্ড কীপার | ০১টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৮ | ড্রাইভার | ০১টি | গ্রেড ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (অষ্টম শ্রেণী পাশ) এবং<br>খ) মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, তবে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবেন। |
| ০৯ | প্রসেস সার্ভার | ০১টি | গ্রেড ১৯<br>৮৫০০-২০৫৭০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ১০ | অফিস সহায়ক | ১৭টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ১১ | নৈশপ্রহরী | ০২টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | ফরাস | ০১টি | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |

**শর্তাবলিঃ**

১। প্রার্থীকে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, দিনাজপুর বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা ও মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) নিজ জেলা (চ) জন্ম তারিখ (ছ) ২৮/১০/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্মনিবন্ধন সনদপত্রের নম্বর (ঝ) মোবাইল নম্বর (ঞ) ইমেইল (যদি থাকে) স্পষ্টাক্ষরে উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

২। আবেদনপত্র আগামী ২৮/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন রেজিস্ট্রি ডাকযোগে অথবা সরাসরি চেয়ারম্যান নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, দিনাজপুর বরাবর প্রেরণ করতে হবে। খামের উপর আবশ্যিকভাবে পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ২৮/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের, লাইব্রেরি সহকারী (ক্যাটালগার) পদের জন্য গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা সনদের, ড্রাইভার পদে আবেদনের জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনুলিপি ও সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/- (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

গ. পরীক্ষার ফি বাবদ ১-৮নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৯-১২নং পদের জন্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ/সোনালী ব্যাংক পিএলসি-এ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ ১৪২২৩২৬ [নতুন কোড] নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। [যে প্রতিষ্ঠানের পক্ষে জমা দেওয়া হচ্ছে: ১২১০৩০২১০৪৪৮৩, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, দিনাজপুর]

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৮। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করা এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নমুনা প্রবেশপত্রটি কম্পিউটারে তৈরি করে A4 সাইজ কাগজে প্রিন্ট ও পূরণপূর্বক একটি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে প্রার্থী নিচে স্বাক্ষর করবেন। নমুনা প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার তারিখ ও সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম অফিস কর্তৃক পূরণ করা হবে।

নিয়োগ সংক্রান্ত সকল তথ্য পেতে ভিজিট করুন-https://dinajpur.judiciary.gov.bd/bn/notice-more

**প্রবেশপত্র**

| সহায়ক কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২৪<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, দিনাজপুর। | | | | | ছবি |
|---|---|---|---|---|---|
| পদের নাম : | | রেজিস্ট্রেশন নম্বর : | | পরীক্ষার তারিখ ও সময় : | |
| পরীক্ষা কেন্দ্রের নাম : | | | | | |
| প্রার্থী নাম : | | | | বাড়ী ও সড়ক নম্বর : | |
| গ্রাম/শহর : | | | | ডাকঘর : | |
| থানা/উপজেলা : | | | | জেলা/(পোস্ট কোডসহ) | |

-----------------------------
**প্রার্থীর স্বাক্ষর**

**(মোঃ জুলফিকার উল্লাহ)**
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ও
চেয়ারম্যান নিয়োগ বাছাই কমিটি
দিনাজপুর।

স্বাক্ষরিত
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

ডিজি-১৬৬২/২৪ (১৯″×৪)